

## কানামাছি

সে কিছুই দেখছিল না  
 বাঘ নয় নেকড়েও নয়  
 সে শুধুই খুঁজছিল সুর  
 টেলিফোন আসার আগে  
 চিঠিতে মেঘ ছিল না  
 বাতাসে অমোঘ জাদু  
 তাই তো সে ঠিক বোরেনি  
 পেছনে কার বাঁকা নথ  
 দাঁড়িয়ে প্রতিক্ষাতে!  
 চেনেনি কেমন কুটিল  
 জলের ওই গভীরতায়  
 ডুবুরী দাঁতাল, কামোট  
 তাই তো সে না ভেবে হয়  
 ডুবেছে অথৈ গহন  
 ভেসে যেই উঠতে যাবে  
 কে দিল মরণকামড়  
 প্রণয়ের আলিঙ্গনে  
 প্রলাপের সেই নটে শাক  
 অবেলায় যেই মুড়োলো  
 চিতাকাঠ ভাসল জলে  
 আকাশে উদ্যম খুশী  
 খবরের শেষ পৃষ্ঠায়  
 মেয়েটার জায়গা হ'ল  
 অস্তিত্বে শোক প্রস্তাব  
 দুমিনিট নীরবতায়  
 নাগরিক দায়িত্ব শেষ  
 তারপর আবার সবই  
 আগে ঠিক যেমন ছিল  
 আর কিছু বলবারও নেই  
 তাছাড়া কেই বা শোনে!  
 কেননা সবাই জানে  
 বেঁচে থাকা কেমন দর  
 ও মানুষ, বুঝলে এবার  
 বিধাতার সুপার নিদান  
 ভাসানের এই সিরিয়াল



প্ল্যানটা কেমন জবর?

তিস্তামিত্র

সৃষ্টিসন্ধান

Phone: 98302 43310

email: [editor@srishtisandhan.com](mailto:editor@srishtisandhan.com)